“তুমি দুনিয়ার প্রতি অনাসক্তি অবলন্বন করো। তাহলে আল্লাহ তোমাকে ভালোবাসবেন। মানুষের নিকট যা আছে, তুমি তার প্রতি অনাসক্ত হয়ে যাও, তাহলে তারাও তোমাকে ভালোবাসবে”।

সাহল ইবন সাদ আস-সাইদী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নিকট উপস্থিত হয়ে বলল, হে আল্লাহর রাসূল! আমাকে
এমন একটি কাজের কথা বলে দিন যা আমি করলে আল্লাহ আমাকে ভালোবাসবেন এবং লোকেরাও
আমাকে ভালোবাসবেন। তিনি বললেন: “তুমি দুনিয়ার প্রতি অনাসক্তি অবলন্বন করো। তাহলে আল্লাহ তোমাকে ভালোবাসবেন। মানুষের নিকট যা আছে, তুমি তার প্রতি অনাসক্ত হয়ে যাও, তাহলে তারাও তোমাকে ভালোবাসবে”। [ইমাম নববী বলেছেন: হাদীসটি হাসান।] [এটি ইবন মাজাহ ও অন্যান্যরা একাধিক হাসান সনদে বর্ণনা করেছেন।]

এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এমন একটি কাজের নির্দেশনা চাইলেন, যা করলে আল্লাহ তাকে পছন্দ করবেন এবং মানুষও তাকে পছন্দ করবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন: আল্লাহ তোমাকে ভালোবাসবেন যদি তুমি দুনিয়াতে অনর্থক কাজ এবং আখেরাতে তোমার কোন উপকারে আসবে না এমন কর্ম ত্যাগ করো এবং তোমার দ্বীনের ক্ষতি করতে পারে এমন জিনিস পরিহার করো। আর মানুষ তোমাকে ভালোবাসবে যদি তুমি তাদের হাতে যা দুনিয়া আছে তা ত্যাগ করো, কারণ তারা স্বভাবতই এটাকে ভালোবাসে, আর যে কেউ এর জন্য তাদের সাথে প্রতিযোগিতা করে, তারা তাকে ঘৃণা করে, আর যে কেউ এটা তাদের জন্য ছেড়ে দেয়, তারা তাকে ভালোবাসে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4307